

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.২০৮

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৬৪৫৮/২০২০ মামলা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলা “চন্ডিপুর ফজলুল হক উচ্চ বিদ্যালয় ও কলেজ” এর এডহক কমিটি কর্তৃক সরকারী নীতিমালা উপেক্ষা করে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসাবে এম,এ, রউফ সরকারকে নিয়োগ করায় তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এর বরাবর ১৭/০৯/২০২০ তারিখে আবেদন করেন।

জনাব মোঃ আব্দুর রহিম মিয়া সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা) চন্ডিপুর ফজলুল হক উচ্চ বিদ্যালয় ও কলেজ এর আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৪৫৮/২০২০ দায়ের করার প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট হতে ২২/১০/২০২০ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No. 1 is directed to dispose of the application dated 17.09.2020 (Annexure-J) to the writ petition sent by the petitioner to him through registered post within a reasonable time from the date of receipt of this order.”

বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ৬৪৫৮/২০২০ নং রিট পিটিশন এর অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ১৭/০৯/২০২০ তারিখের আবেদনটি (Annexure-Y) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আইন অধিশাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

৭-৯-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৯৫৪৬৬৮২

অতিরিক্ত সচিব, বেসরকারী মাধ্যমিক (অনুবিভাগ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৬.২০.২০৮/১(৪)


তারিখ: ২৩ ভাদ্র ১৪২৮

০৭ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

8) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৭-৯-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব